**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)**
**নওয়াপাড়া বাজার শাখা, যশোর।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি দ্রুব (ওভারড্রাফট) ঋন গ্রহীতা "মেসার্স তন্নি ট্রেডার্স"এর মালিক জনাব মোঃ তবিবর রহমান, পিতা-মোঃ ইউসুফ আলী, ঠিকানা: সর্ব সাং হোল্ডিং-এইচ ১৯২, দক্ষিন নওয়াপাড়া, ডাকঘর : নওয়াপাড়া-৭৪৬০, থানা: অভয়নগর, জেলা : যশোর কর্তৃক ইউসিবি পিএলসি, নওয়াপাড়া বাজার শাখা, যশোর হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন বর্ণিত তফসিলভূক্ত সর্বমোট ৭৮.৬৯ শতাংশ সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) ২০.০৪.২০১৬ তারিখে রেজিস্ট্রিকৃত ২০০৭ বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং ২০.০৪.২০২৬ তারিখে রেজিস্ট্রিকৃত ২০০৮ আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণগ্রহীতা ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১২.২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা সর্বমোট ১,৭৭,১২,৩৭৫.৬৭ (এক কোটি সাতাত্ত লক্ষ বার হাজার তিনশত পচাত্তর দশমিক সাতষট্রি) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল বিবরনী**

**তফসিল -১:** জেলাঃ যশোর; থানাঃ অভয়নগর; মৌজা-গুয়াখোলা, জে. এলঃ সাবেক ৩৪, হাল ৫৫, খতিয়ান নংঃ এস, এ ৫৯৮, সেপারেশন খতিয়ান: ৬০০/৪, ডিপি ১১৮৮, প্লট- সিএস ও এস এ ৯৪, ৯৫, আর এস : ২৮৩৬ জমির পরিমান = ৪.৫০ শতক জমাজমি (মালিক ঃ মোঃ তবিবর রহমান)।

**তফসিল -২:** জেলাঃ যশোর; থানাঃ অভয়নগর; মৌজা-নওয়াপাড়া, জে. এলঃ সাবেক ৩২, হাল ৫৭, খতিয়ান নংঃ এস, এ ৩৯৫, আর এস ৮০৩, সেপারেশন খতিয়ান: ১৬৮১, প্লট- সিএস ও এস এ ৩০৯, আর এস :১১৩৫ জমির পরিমান = ৯.১৯ শতক জমাজমি (মালিক ঃ মোঃ তবিবর রহমান)।

**তফসিল -৩:** জেলাঃ যশোর; থানাঃ অভয়নগর; মৌজা-চালশিয়া, জে. এলঃ ৩৭, খতিয়ান নংঃ এস, এ ৩৬৬, সেপারেশন খতিয়ান: ৩৬৬/১, ডিপি- ১৪৯, প্লট- সিএস ও এস এ ২১২, আর এস :২৯০ জমির পরিমান = ৩৫.০০ শতক জমাজমি (মালিক ঃ মোঃ তবিবর রহমান)।

**তফসিল -৪:** জেলাঃ যশোর; থানাঃ অভয়নগর; মৌজা-গুয়াখোলা, জে. এলঃ সাবেক- ৩৪, হাল-৫৫, খতিয়ান নংঃ এস, এ ১৮৪ সেপারেশন খতিয়ান: ১৮৪/৩,৭৭৫, ডিপি- ৪২২, প্লট- সিএস ও এস এ ৬৩৪, আর এস : ৫১৩৩, ৫১২৮, ৫১৩০, ৫১৩১, ৫১৩৩, ৫১৩৪, ৫১২০, জমির পরিমান = ৩০.০০ শতক জমাজমি (মালিক ঃ মোসাঃ খাদিজা পারভীন প্রোঃ মোঃ তবিবর রহমান এর স্ত্রী)।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী **২৬/০২/২০২৬ ইং** তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নওয়াপাড়া বাজার শাখা, যশোর রক্ষিত বক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি পিএলসি, নওয়াপাড়া বাজার শাখা, যশোর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, নওয়াপাড়া বাজার শাখা, যশোর ।**